বাংলা ব্যাকরণ ও নির্মিতি

সপ্তম শ্রেণি

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

করণ কারক

'করণ' শব্দটির অর্থ যন্ত্র, সহায় বা উপায়। অর্থাৎ ক্রিয়া নিষ্পত্তির ব্যাপারে যা প্রধান সহায়, তা-ই করণ

সংজ্ঞা : কর্তা যার সাহায্যে ক্রিয়া সম্পাদন করে, তাকে করণ কারক বলে। যেমন :

ছেলেরা **বল** খেলে। **বন্যায়** দেশ প্লাবিত হলো। কলমটি **সোনায়** মোড়া।

করণ কারকে সাধারণত তৃতীয়া বিভক্তি হয়।

করণ কারকে বিভিন্ন বিভক্তির প্রয়োগ

প্রথমা বিভক্তি : ছেলেরা **বল** খেলে।

তৃতীয়া বিভক্তি : আমরা **কান দ্বারা** শুনি।

পঞ্চমী বিভক্তি : এ **সন্তান হতে** দেশের মুখ উজ্জ্বল হবে।

ষষ্ঠী বিভক্তি : তার মাথায় **লাঠির** আঘাত কোরো না।

সপ্তমী বিভক্তি : আকাশ **মেঘে** ঢাকা।

অপাদান কারক

সংজ্ঞা : যা থেকে কোনো কিছু বিচ্যুত, পতিত, গৃহীত, জাত, রক্ষিত, বিরত, দূরীভূত ও উৎপন্ন এবং যা দেখে কেউ ভীত হয়, তাকে অপাদান কারক বলে। যেমন :

বিচ্যুত : বৃক্ষ **থেকে** পাতা ঝরে।

পতিত : **মেঘে** বৃষ্টি হয়।

গৃহীত : **ঝিনুক থেকে** মুক্তা মেলে।

জাত : **জমি থেকে** ফসল পাই।

রক্ষিত : **বিপদে** মোরে রক্ষা কর।

বিরত : **পাপে** বিরত হও।

দূরীভূত : **দেশ থেকে বিপদ** চলে গেছে।

উৎপন্ন : **তিলে** তৈল হয়।

ভীত : **সুন্দরবনে** বাঘের ভয় আছে।

অধিকরণ কারক

সংজ্ঞা : যে স্থানে, যে কালে বা যে বিষয়ে ক্রিয়া সম্পন্ন হয়, তাকে ক্রিয়ার আধার বলে। ক্রিয়ার আধারকে অধিকরণ কারক বলে। যেমন :

বনে বাঘ থাকে। **বসন্তে** কোকিল ডাকে। তিনি **ব্যাকরণে** পণ্ডিত।

প্রকারভেদ

অর্থভেদে অধিকরণ কারক চার প্রকার। যেমন :

ক. স্থানাধিকরণ; খ. কালাধিকরণ; গ. বিষয়াধিকরণ ও ঘ. ভাবাধিকরণ।

ক. স্থানাধিকরণ : যে স্থানে ক্রিয়া সম্পন্ন হয়, তাকে স্থানাধিকরণ কারক বলে। যেমন : **জলে** কুমির থাকে।

খ. কালাধিকরণ : যে কালে ক্রিয়া সম্পন্ন হয়, তাকে কালাধিকরণ কারক বলে। যেমন : **শরতে** শাপলা ফোটে।

গ. বিষয়াধিকরণ : কোনো বিষয়ে দক্ষতা বা অক্ষমতা প্রকাশে ক্রিয়া নিষ্পন্ন হলে, তাকে বিষয়াধিকরণ কারক বলে। যেমন : তিনি **ইংরেজিতে** ভালো। শফিক **গণিতে** কাঁচা।

ঘ. ভাবাধিকরণ : একটি ক্রিয়া অন্য ক্রিয়ার ওপর নির্ভর করলে নির্ভরশীল ক্রিয়াপদটি ভাববাচকে পরিণত হয়ে অধিকরণ হলে, তাকে ভাবাধিকরণ কারক বলে। যেমন : **সূর্যোদয়ে** অন্ধকার দূরীভূত হয়।

এ ক্ষেত্রে 'অন্ধকার দূরীভূত হওয়া' 'সূর্যোদয়ের' ওপর নির্ভরশীল। অতএব 'সূর্যোদয়ে' ভাবাধিকরণ কারক।

অনুরূপ : হাসিতে মুক্তা ঝরে।